# নাইজেরিয়ায় নৌকাডুবিতে প্রাণ গেল অন্তত ৪৬ জনের



ছবি: সংগৃহীত

নাইজেরিয়ার উত্তর-পশ্চিমাঞ্চলের সোকোতো রাজ্যে নৌকাডুবির ঘটনায় অন্তত ৪৬ জনের মৃত্যু হয়েছে। দুর্ঘটনার সময় নৌযানটিতে ৭০ জনের বেশি যাত্রী ছিলেন বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

দেশটির পুলিশের মুখপাত্র আহমদ রুফাই বিবিসিকে জানিয়েছেন, গোরোনির গোরাউ এলাকার কাছে এখন পর্যন্ত ৪৬ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় ১৬ জনকে জীবিত উদ্ধার করা সম্ভব হলেও এখনও ১৫ জন নিখোঁজ রয়েছেন।

LENS ASIA

তিনি জানান, দুর্ঘটনাস্থলটি দুর্গম হওয়ায় সেখানে পৌঁছাতে উদ্ধারকারী দলকে বেশ বেগ পেতে হচ্ছে। নিরাপত্তা বাহিনী ও জরুরি সেবাদানকারী সংস্থার সদস্যরা ঘটনাস্থলের দিকে যাচ্ছেন।

রয়টার্সের প্রতিবেদনে এক প্রত্যক্ষদর্শীর বরাত দিয়ে বলা হয়েছে, নিহতদের বড় একটি অংশ শিশু। তারা কৃষিজমির মালিক ও শ্রমিকদের সঙ্গে ধান কাটার কাজে যাওয়ার সময় নৌযানটিতে ছিলেন।

অন্য এক প্রত্যক্ষদর্শী জানান, স্থানীয় একটি মসজিদের সামনে দাফনের প্রস্তুতির জন্য প্রায় ৫০টি মরদেহ রাখা হয়েছিল। মরদেহগুলোর অনেকগুলো মাদুর ও কাপড় দিয়ে ঢেকে রাখা হয়।

নাইজেরিয়ার জরুরি ব্যবস্থাপনা সংস্থার (নেমা) মুখপাত্র ইজেকিয়েল মানজো বিবিসিকে বলেন, গোরাউ অত্যন্ত দুর্গম এলাকা হওয়ায় সেখানে উদ্ধারকারী দলের পৌঁছাতে সময় লাগছে। উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে।